

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১ আগস্ট, ২০১৯ ০০:০০

## গুলশানবাসীর আরেক সুখবর গুলশান চাকা | নিজস্ব প্রতিবেদক



‘গুলশান চাকা’ নামে আরও একটি কোম্পানি গুলশান এলাকায় গণপরিবহন সার্ভিস শুরু করেছে। ২৮ জুলাই থেকে চালু হওয়া গুলশান চাকার এসি বাস সার্ভিস ইতিমধ্যে সাধারণ মানুষ সাদরে গ্রহণ করেছে। এর আগে প্রয়াত মেয়র আনিসুল হকের উদ্যোগে গুলশান, বারিধারা ও বনানীতে গণপরিবহন ‘ঢাকা ঢাকা’ যাত্রা শুরু করে। ‘গুলশান চাকা’র রুট হলো কাকলী, কামাল আতাতুর্ক এভিনিউ, গুলশান-২, গুলশান-১, বাড়ডা লিংক রোড ও নতুন বাজার। গুলশান চাকার চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল হক জানান যে, ৪০ সিটের ২০টি এসি বাস দিয়ে এ সার্ভিসটি চালু করা হয়েছে। পর্যায়ক্রমে গাড়ির সংখ্যা বাড়ানো হবে। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এ কোম্পানিকে রুট পারমিট দিয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৫০টি গাড়ি পরিচালনার অনুমতি দিয়েছে।

একটি বেসরকারি কোম্পানিতে কর্মরত মিনহাজুর রহমান বলেন, এতদিন গুলশান বনানীতে ঢাকা ঢাকা কোম্পানির বাস সার্ভিস চালু ছিল। দুই রুটে চলাচল করা ঢাকা ঢাকায় বাস পরিবর্তন করতে হতো। কিন্তু নতুন গুলশান চাকা সার্ভিসে বাস পরিবর্তন করতে হচ্ছে না। এক বাসে উঠলেই বনানী, কামাল আতাতুর্ক এভিনিউ, গুলশান-২, গুলশান-১, বারিধারা, বাড়ডা লিংক রোড ও নতুন বাজার যাওয়া যায়। যাত্রী সাধারণের জন্য একটি খুবই আরামদায়ক ও সুবিধাজনক হয়েছে। তাছাড়া একটি কোম্পানির একচেটিয়া বাণিজ্যও বন্ধ হওয়া দরকার। তা না হলে যাত্রী সেবায় প্রতিযোগিতা সৃষ্টি হবে না।